

৩১ ডিসেম্বর থেকে ডিগ্রি পরীক্ষা শুরু উপজেলার কেন্দ্র পরিবর্তন, বিপাকে ১০ হাজার পরীক্ষার্থী, অভিভাবক

ময়মনসিংহে প্রতিদিনই : জাতীয় বিশ্ববিদ্যালয়ের একরোখা সিদ্ধান্তের কারণে জেলার প্রায় ১০ হাজার ডিগ্রি পরীক্ষার্থী ও অভিভাবকরা চরম দুর্ভোগের শিকার হচ্ছেন। স্থানীয় প্রশাসনের কোনো মতামত না নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক তরফাভাবে এক উপজেলার কেন্দ্র পরিবর্তন করে অন্য উপজেলায় স্থানান্তর করায় তারা বিপাকে পড়েছেন। উপজেলাগুলোতে পরীক্ষার্থীদের আবাসন সংকট, পরিবহন স্বল্পতা, প্রচণ্ড শীত ও ঘন কুয়াশার কারণে অনেক পরীক্ষার্থীর পক্ষেই পরীক্ষায় অংশগ্রহণ প্রায় দুরূহ হয়ে পড়বে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, আগামী ৩১ ডিসেম্বর থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রি পরীক্ষা শুরু হতে যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয় স্থানীয় প্রশাসনের কোনো মতামত না নিয়ে জেলার ১২টি উপজেলার বিভিন্ন কলেজ কেন্দ্রের আসন বিন্যাস করে। এতে এক উপজেলার কলেজের পরীক্ষার্থীদের ২৫ থেকে ৩০ কিলোমিটার দূরে গিয়ে অন্য উপজেলার পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশ নিতে হবে। এ ব্যাপারে পরীক্ষার্থী ও অভিভাবকরা এই প্রতিবেদকসহ একাধিক পত্রিকার সাংবাদিকদের কাছে জানান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের এই সিদ্ধান্তের ফলে এবারের প্রচণ্ড শীত, ঘন কুয়াশা উপেক্ষা করে এবং উপজেলাগুলোতে আবাসন সংকট এবং অপ্রতুল যানবাহন থাকার কারণে তাদের পক্ষে পরীক্ষায় অংশ নেয়া দুরূহ হয়ে পড়েছে। তারা বর্তমান বিরূপ আবহাওয়াসহ মানাবিধ সমস্যার কথা বিবেচনা করে উপজেলাভিত্তিক কেন্দ্র পরিবর্তন প্রক্রিয়া বন্ধ করার জন্য সরকারের কাছে জোর দাবি জানান।

পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের বিষয়ে স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট সূত্র জানায় এ বিষয়ে নেওয়া সিদ্ধান্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের একক সিদ্ধান্ত। উপজেলাভিত্তিক কেন্দ্র পরিবর্তনের বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের কোনো মতামত নেয়নি বলেও সূত্র জানায়।